আজ জাতিসংঘে ভাষণ দেবেন প্রধান উপদেষ্টা ইউনূস



সংগৃহীত ছবি

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস আজ নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনে ভাষণ দেবেন। তিনি সংস্কার কার্যক্রম, গণঅভ্যুত্থানের আকাঙ্ক্ষা, অবাধ নির্বাচন আয়োজনের অঙ্গীকার, জুলাই হত্যাকাণ্ডের বিচার ও রোহিঙ্গা সঙ্কট নিয়ে কথা বলবেন।

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস আজ জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮০তম অধিবেশনে ভাষণ দিতে যাচ্ছেন। স্থানীয় সময় শুক্রবার (২৬ সেপ্টেম্বর) সকাল ৯টায় অধিবেশন শুরু হবে এবং দিনের ১০ম বক্তা হিসেবে বক্তব্য রাখবেন তিনি।

ভাষণে প্রধান উপদেষ্টা দেশের চলমান সংস্কার কার্যক্রম, ২০২৪ সালের জুলাই মাসের গণঅভ্যুত্থানের চেতনা ও প্রত্যাশা, ২০২৬ সালের ফেব্রুয়ারিতে অবাধ ও সুষ্ঠু নির্বাচন আয়োজনের অঙ্গীকার, জুলাই হত্যাকাণ্ডের বিচার প্রক্রিয়া এবং রোহিঙ্গা সঙ্কটের মতো গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরবেন বলে জানা গেছে।

প্রধান উপদেষ্টার প্রেসসচিব শফিকুল আলম বৃহস্পতিবার এক ব্রিফিংয়ে জানান, অধ্যাপক ইউনূস গত ১৪ মাসে অন্তর্বর্তী সরকারের সংস্কার ও অর্থনৈতিক পুনরুদ্ধারের অগ্রগতি সম্পর্কে আন্তর্জাতিক সম্প্রদায়কে অবহিত করবেন। এছাড়া গণতান্ত্রিক উত্তরণে সরকারের উদ্যোগ ও আগামী বছরের ১৫ ফেব্রুয়ারির মধ্যে জাতীয় নির্বাচন আয়োজনের বার্তাও তিনি বিশ্বমঞ্চে তুলে ধরবেন।